

# যুগান্তর

প্রিন্ট: ২৮ জুলাই ২০২৫, ১০:১৩ এএম

শিক্ষাঙ্গন

## সাত দাবিতে আলিয়া মাদ্রাসা শিক্ষার্থীদের মানববন্ধন



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৭ জুলাই ২০২৫, ০৬:২০ পিএম



ছবি: যুগান্তর

সাত দফা দাবিতে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করেছে রাজধানীর ঐতিহ্যবাহী সরকারি মাদ্রাসা-ই-আলিয়া ঢাকার শিক্ষার্থীরা।

রোববার সকাল সাড়ে ১০টার দিকে জাতীয় প্রেস ক্লাবের সামনে এ কর্মসূচি পালিত হয়।

এতে ছাত্রদল, ছাত্রশিবির, বিপ্লবী ছাত্র পরিষদ, ইসলামী ছাত্র আন্দোলনসহ সাধারণ শিক্ষার্থীরা একাত্মতা প্রকাশ করে অংশগ্রহণ করেন।

সমাবেশে বক্তারা বলেন, ঢাকা আলিয়ার শিক্ষার্থীরা দীর্ঘদিন ধরে চরম আবাসন সংকটে ভুগছে। এ সমস্যা সমাধানে নতুন হল নির্মাণের প্রকল্প এখনো বাস্তবায়িত হয়নি। ক্যাম্পাসের মাঠজুড়ে এখনো অস্থায়ী আদালত দখল করে আছে, যা ছাত্রদের চলাফেরার স্বাধীনতা ও ক্যাম্পাসের পরিবেশকে বাধাগ্রস্ত করছে। অবিলম্বে অস্থায়ী আদালত অপসারণ ও নতুন হল নির্মাণের দাবি জানান শিক্ষার্থীরা।

শিক্ষার্থীদের সাত দফা দাবি হলো-

১. শিক্ষার্থীদের মৌলিক অধিকার হিসেবে পর্যাপ্ত আবাসনের নিশ্চয়তা।
২. স্থায়ীভাবে আবাসন সংকট নিরসনে নতুন ছাত্রাবাস নির্মাণ।
৩. প্রকল্প বাস্তবায়নের পূর্ব পর্যন্ত বিকল্প আবাসন ও ভর্তুকির ব্যবস্থা।
৪. ক্যাম্পাসে স্থাপিত অস্থায়ী আদালত অবিলম্বে সরিয়ে নেওয়া।
৫. ঢাকা আলিয়া মাঠ উন্মুক্ত করে শিক্ষার্থী ও এলাকাবাসীর জন্য ব্যবহারের উপযোগী করা।
৬. মাঠ ও স্থাপনা দখলের অভিযোগ তদন্ত করে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা।
৭. এসব দাবি বাস্তবায়নে নির্ধারিত সময়সীমা ঘোষণা ও তা ছাত্রসমাজের সামনে উপস্থাপন।

সমাবেশ শেষে শিক্ষার্থীরা একটি শান্তিপূর্ণ মিছিলসহকারে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অভিমুখে যাত্রা করে।

শিক্ষার্থীরা জানান, দাবি পূরণ না হলে ভবিষ্যতে আরও কঠোর কর্মসূচি দেওয়া হবে।